রাষ্ট্রবিজ্ঞান
চতুর্থ সেমেস্টার - CC-৪

① রাজনৈতিক দল বলতে কি বোঝ?

উঃ রাজনৈতিক দল বলতে বোঝায় রাজনৈতিক ভাবে সচেতন মানব-সমাজের একটি নির্দিষ্ট অংশের এমন এক সক্রিয় সংগঠন যা স্বতন্ত্র মতাদর্শে বিশ্বাসী অপরাপর রাজনৈতিক গোষ্ঠীর সঙ্গে প্রতিযোগিতার ভিত্তিতে জনসমর্থন আদায়ের মাধ্যমে সরকারী ক্ষমতা দখলের চেষ্টা করে। অধ্যাপক অ্যালান বলের মতানুসারে কোন জনসংগঠন এককভাবে বা অন্যান্য দলের সঙ্গে একযোগে রাজনৈতিক ক্ষমতা দখল করতে এবং তা বজায় রাখতে সচেষ্ট হলে তাকে রাজনৈতিক দল বলে।

② আধুনিক দলব্যবস্থার উদ্ভব সর্বপ্রথম কোন দেশে হয়?

উঃ সর্বপ্রথম আধুনিক অর্থে দলব্যবস্থার উদ্ভব হয় সপ্তদশ শতাব্দীতে ইংল্যান্ডে। রানী প্রথম এলিজাবেথের রাজত্বকালে হুইগ (Whig) এবং টোরি (Tory) এই দুটি দলের সৃষ্টি হয়।

③ একদলীয় ব্যবস্থা বলতে কি বোঝ?

উঃ সাধারণ ভাবে বলা যায়, যে সমস্ত দেশে একটি মাত্র রাজনৈতিক দলের অস্তিত্ব স্বীকৃত থাকে তাকে একদলীয় ব্যবস্থা বলে। দেশের এই একমাত্র দলটি তার আদর্শ নীতি ও কর্মসূচী অনুসারে শাসনকার্য পরিচালনা করে থাকে। অধ্যাপক অ্যালমন্ড একদলীয় ব্যবস্থাকে দুইভাগে ভাগ করেছেন যথা- একদলীয় ব্যবস্থা (মিশর, স্পেন) এবং সর্বাত্মক একদলীয় ব্যবস্থা (গণপ্রজাতন্ত্রীচীন, নাৎসী জার্মানি)।

④ দ্বিদলীয় ব্যবস্থা বলতে কি বোঝ?

উঃ যে রাষ্ট্রে দুটি প্রধান রাজনৈতিক দল থাকে, সেই রাষ্ট্রের দলীয় ব্যবস্থাকে দ্বি-দলীয় ব্যবস্থা বলে। একটি দল সরকার গঠন করে এবং অপর দলটি বিরোধী দলের ভূমিকা পালন করে। এই দ্বি-দলীয় ব্যবস্থায় দুটির বেশি রাজনৈতিক দল থাকতে পারে কিন্তু সুসংবদ্ধ দল থাকে মাত্র দুটি। মূলত দুটি দলের মতই প্রতিদ্বন্দ্বিতা সীমাবদ্ধ থাকে। উদা হিসাবে ইংল্যান্ডের রক্ষণশীল দল ও শ্রমিক দলের কথা বলা যায়।

⑤ বহুদলীয় ব্যবস্থা বলতে কি বোঝ?

উঃ যেখানে রাজনৈতিক ব্যবস্থায় দুটির বেশি সংগঠিত দল থাকে তাকে বহুদলীয় ব্যবস্থা বলে। এই দলগুলি জাতি, ধর্ম, ভাষা বা শ্রেণীর ভিত্তিতে গড়ে উঠে পরস্পর বহুদলীয় ব্যবস্থায় প্রত্যেকটি দল যেহেতু নিজস্ব আদর্শ ও কর্মসূচী অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। সেজন্য কোন দল বা জোটগুলির জোট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলে সরকার গঠন করে। উদা হিসাবে জার্মানির দলব্যবস্থার কথা বলা যায়।

⑥ প্রভুত্বকারী দলীয় ব্যবস্থা বলতে কি বোঝ?

উঃ প্রভুত্বকারী দলীয় ব্যবস্থা বলতে কোথায় এমন এক রাজনৈতিক ব্যবস্থাকে বোঝান যেখানে বহু রাজনৈতিক দল থাকে এবং সেই দলগুলির মধ্যে নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতার সুযোগ থাকে কিন্তু সরকার গঠন ও পরিচালনার ক্ষেত্রে একটি দলের

৭) সমাজতান্ত্রিক দল বলতে কি বোঝ?

উঃ- বিশ্বের বিভিন্ন রাজনৈতিক দলের নাম সমাজতান্ত্রিক দল। এই সমস্ত দলই সমাজতন্ত্রের কিছু রূপকে ধরে রাখার দাবী করে। যদিও সমাজতন্ত্র বলতে কি বোঝায় সে সম্পর্কে তাদের আলাদা আলাদা ব্যাখ্যা থাকতে পারে। পরিসংখ্যানগত ভাবে এই দলগুলির বেশির ভাগই গণতান্ত্রিক সমাজতন্ত্র, সামাজিক গণতন্ত্র' প্রভৃতিকে তাদের আদর্শিক অবস্থান হিসাবে সমর্থন করে। অনেক সমাজতান্ত্রিক দল শ্রমিক আন্দোলন ও ট্রেডইউনিয়ানের সাথে সম্পর্ক রাখে।

~~৮) কমিউনিস্ট পার্টি বলতে কি বোঝ?~~

~~উঃ- কমিউনিস্ট~~

৮) জাতি বলতে কি বোঝ?

উঃ- বস্তুতপক্ষে 'জাতি' হল ~~জনসমাজের~~ 'জনসমাজ' এর একটি চূড়ান্ত বিকশিত রূপ। জনসমাজের মধ্যে এক গভীর স্বাতন্ত্র্যবোধ দেখা দিলে জাতীয়জনসমাজের উদ্ভব ঘটে। জাতীয় জনসমাজের স্বাতন্ত্র্যকামিতা প্রসারিত হয়ে যখন পৃথক রাষ্ট্র ও সরকার গঠনের দাবী করে তখন জাতির উদ্ভব হয়। লর্ড ব্রাইসের মতে, "জাতি হল রাষ্ট্রনৈতিকভাবে সংগঠিত বহিঃশাসন হতে মুক্ত অথবা মুক্তিকামী একটি জনসমাজ"। গিলক্রিস্টের মতে রাষ্ট্রের অধীনে এক সুগঠিত জনসমাজকে জাতি বলে।

ঘ) 'রাষ্ট্র-কাঠামো' বলতে কি বোঝ?

উ: রাষ্ট্র-কাঠামো হলো রাষ্ট্রের এমন একটি অবকাঠামো যার মাধ্যমে রাষ্ট্রীয় কার্যাবলি সম্পাদন করা হয়। রাষ্ট্রীয় কার্যাবলি সম্পাদনের জন্য রাষ্ট্রের যে বিভিন্ন অঙ্গ বা প্রতিষ্ঠান থাকে তাদের সমন্বিত রূপকে রাষ্ট্র-কাঠামো বলে। রাষ্ট্রের কাঠামো হলো রাষ্ট্রের সংগঠন। রাষ্ট্রের কাঠামো বলতে রাষ্ট্রের বিভিন্ন অঙ্গ বা প্রতিষ্ঠানের সমন্বিত রূপকে বোঝায়। রাষ্ট্রের কাঠামো বলতে রাষ্ট্রের বিভিন্ন অঙ্গ বা প্রতিষ্ঠানের সমন্বিত রূপকে বোঝায়।

৫) ফেডারেশন ও কনফেডারেশন সম্পর্কে দুটি পার্থক্যসূচক আলোচনা।

(i) ফেডারেশন হলো দুই বা ততোধিক রাষ্ট্রের মধ্যে একটি স্থায়ী চুক্তি-ভিত্তিক সম্পর্ক, যেখানে রাষ্ট্রগুলো তাদের কিছু সার্বভৌম ক্ষমতা একটি কেন্দ্রীয় সরকারের কাছে অর্পণ করে। কিন্তু কনফেডারেশন হলো কয়েকটি রাষ্ট্রের মধ্যে একটি সাময়িক চুক্তি-ভিত্তিক সম্পর্ক, যেখানে রাষ্ট্রগুলো তাদের সার্বভৌম ক্ষমতা কেন্দ্রীয় সরকারের কাছে অর্পণ করে না।

(ii) ফেডারেশনের সদস্য রাষ্ট্রগুলো কোনো অবস্থাতেই আলাদা হয়ে যেতে পারে না। কিন্তু কনফেডারেশনের সদস্য রাষ্ট্রগুলো ইচ্ছা করলে আলাদা হয়ে যেতে পারে।

৪১) 'রূপকথা একজাতি-ভিত্তিক রাষ্ট্রের নাম লেখ।

উ: রূপকথা একজাতিভিত্তিক রাষ্ট্রের নাম হলো - জার্মানী, জাপান, ফ্রান্স, সুইডেন প্রভৃতি।

Scanned by TapScanner